আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্টে সঞ্চয় শুরুর সহায়তায় সঞ্চয় টিপস

আপনার সন্তানের শিক্ষার ভবিষ্যতের জন্য সঞ্চয় করা কঠিন নয়! আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্ট দিয়ে শুরু করার জন্য এই কয়েকটি টিপস এবং কৌশল দেখুন।

টিপ 1 একটি সঞ্চয়ের লক্ষ্য স্থির করুন

শুরুর একটি দুর্দান্ত উপায় হল একটি নিয়মিত সময়সূচীতে আপনি কতটা সঞ্চয় করতে চান তার লক্ষ্য স্থির করা। আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ খরচ এবং সঞ্চয় অগ্রাধিকারের উপর ভিত্তি করে আপনি প্রতি সপ্তাহে বা প্রতি মাসে আলাদা করে কতটা সরিয়ে রাখতে পারেন ভেবে নিন। এগুলির মধ্যে রয়েছে ভাড়া, মুদিখানা, স্বাস্থ্যসেবা, পরিবহন, ঋণ পরিশোধ, অথবা অবসরের জন্য সঞ্চয়।

কিছু লোকেদের জন্য, এটি প্রত্যেক সপ্তাহে বা প্রতিটি বেতনের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ আলাদা করে সরিয়ে রাখার ক্ষেত্রে ভাল কাজ করে। আপনার পরিবারের জন্য কোনটা সর্বোত্তম হবে তা সিদ্ধান্ত নিন। **মনে রাখবেন, ছোট ছোট, নিয়মিত আমানত এখন জমা করার মাধ্যমে আপনি আপনার সময়ে বড় সুবিধা গ্রহণ করতে পারবেন।**

টিপ 2 আপনার আমানত তৈরী করার সেরা উপায় বেছে নিন

কিভাবে আপনি আপনার নিয়মিত সঞ্চয় আমানতগুলি করতে যাচ্ছেন? আপনার নিয়োগকর্তা, আপনার কলেজ সঞ্চয় অ্যাকাউন্টের ধরণ, এবং উপলব্ধ প্রযুক্তির উপর নির্ভর করে আপনার কাছে কয়েকটি বিকল্প আছে। এখানে কিছু সম্ভাবনা রইল:

- **অনলাইন জমা:** অনলাইনে গিয়ে আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে আপনার কলেজ সঞ্চয়ী অ্যাকাউন্টে প্রতি মাসে, প্রতি সপ্তাহে, বা প্রতি বেতনের সময়কালে অর্থ স্থানান্তর করুন।
- **পে-রোল থেকে কেটে নেওয়া:** আপনার নিয়োগকর্তাকে জিজ্ঞাসা করুন স্বয়ংক্রিয়ভাবে পে-চেক থেকে নির্দিষ্ট অর্থ সরাসরি আপনার কলেজ সেভিংস অ্যাকাউন্টে আপনি জমা করতে পারেন কিনা।
- **আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে স্বয়ংক্রিয় স্থানান্তর:** আপনার ব্যাঙ্ককে জিজ্ঞাসা করুন যদি আপনি আপনার অ্যাকাউন্ট থেকে নির্দিষ্ট অর্থ সরাসরি আপনার কলেজ সেভিংস অ্যাকাউন্টে প্রতি মাসে, প্রতি সপ্তাহে, বা প্রতি বেতন সময়কালে জমা করতে পারেন কিনা।
- **মেল বা ব্যক্তিগত আমানতের মাধ্যমে চেক বা মানি অর্ডার:** একটি চেক লিখুন এবং আপনার কলেজ সেভিংস অ্যাকাউন্টে প্রতি মাসে, প্রতি সপ্তাহে, বা প্রতি বেতন সময়কালে ডাক মারফৎ পাঠিয়ে দিন—বা এটি সরাসরি ড্রপ করুন। (সশরীরে জমাগুলি কেবলমাত্র কোনো ব্যাঙ্কে খোলা একটি কলেজ সেভিংস অ্যাকাউন্টে উপলব্ধ।)
- **সশরীরে গিয়ে নগদ অর্থ জমা:** আপনার কলেজ সেভিংস অ্যাকাউন্টে আমানত করতে নগদ অর্থ জমা করুন। (এটি কেবলমাত্র কোনো ব্যাঙ্কে খোলা একটি কলেজ সেভিংস অ্যাকাউন্টে লভ্য।)

পরের পাতায় যান →

www.nyckidsrise.org
info@nyckidsrise.org
(833) 543-7473

আপনার নিজের অ্যাকাউন্টে সঞ্চয় শুরুর সহায়তার জন্য সঞ্চয় টিপস

টিপ 3 NYC Kids RISE সঞ্চয় প্রতিযোগিতার (Savings Match) সুবিধা গ্রহণ করুন

আপনার শিশু যখন প্রথম গ্রেডে প্রবেশের সময় শুরু করলে, আপনার সংযুক্ত কলেজের সেভিংস অ্যাকাউন্টে জমার পরবর্তীকালে NYC Kids RISE $100 দেবে, ডলার থেকে ডলার অনুসারে। এর অর্থ হ'ল আপনি যখন আপনার সংযুক্ত কলেজের সেভিংস অ্যাকাউন্টে অর্থ জমা করবেন, NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টে (NYC Scholarship Account)-এ কিছু দিনের মধ্যে একই পরিমাণ অর্থ জমা দেবে। সঞ্চয় ম্যাচের যোগ্যতা অর্জনের জন্য আপনার অবশ্যই সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program) -এর তিনটি বিল্ডিং ব্লক অবশ্যই সম্পূর্ণ করতে হবে। প্রতিটি শিশু সঞ্চয় ম্যাচের পুরষ্কারে $100 পর্যন্ত উপার্জন করতে পারে। আরও জানতে দেখুন, nyckidsrise.org/match.

টিপ 4 বন্ধু-বান্ধব এবং পরিবারকে বলুন কলেজের জন্য এই সঞ্চয় অধিক গুরুত্বপূর্ণ

আপনাকে একা কিছু করতে হবে না। যদি আপনার পিতামহ-পিতামহী, কাকু, কাকিমা, কাজিন, ধর্ম-পিতামাতা বা বন্ধুরা আপনাকে সঞ্চয়ে সাহায্য করতে চান, তবে তাঁরাও আপনার সন্তানের কলেজ সেভিংস অ্যাকাউন্টে অবদান রাখতে পারেন। তাঁরা জন্মদিন, ছুটির দিন, বা যে কোনো সময়ে জমা করতে পারেন।. আপনি যদি 529 অ্যাকাউন্ট খুলতে চান তবে Ugift® তাদের কাছে আপনার সন্তানের কলেজ সেভিংস অ্যাকাউন্টে সরাসরি অর্থ জমার প্রক্রিয়া আরও সহজ করে তোলে। আরো তথ্যের জন্য, দেখুন *বন্ধু ও পরিবার কীভাবে আপনাকে সঞ্চয়ে সহায়তা করতে পারে।*

টিপ 5 একজন ফ্রি পেশাদার ফিনান্সিয়াল কাউন্সেলরের সাথে কথা বলুন

সঞ্চয় করার পরিকল্পনা করতে এবং তাতে অবিচল থাকতে সহায়তার জন্য NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র (Financial Empowerment Center)-এ বিনামূল্যে এবং গোপনীয় ফিনান্সিয়াল কাউন্সেলিংয়ের জন্য সাইন আপ করুন। শহর জুড়ে 20 টিরও বেশি আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র রয়েছে। অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য 311 নম্বরে ফোন করুন অথবা **nyc.gov/dca** দেখুন।

টিপ 6 করের সময়ের সুবিধা নিন

আপনি কি জানেন যে আপনি আপনার কলেজের সেভিংস অ্যাকাউন্টে আপনার কর ফেরতের কিছু অংশ জমা দিতে পারেন? আপনার কলেজের সঞ্চয়ের মত দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলির জন্য আপনার ফেরতের একটি অংশ আলাদা করে রাখার জন্য করের সময় এক দারুণ উপযুক্ত সময়। আপনি যদি একটি নির্দিষ্ট আয়ের উপার্জন করেন তবে আপনি বিনামূল্যে কর প্রস্তুতি পরিষেবাগুলিতে (free tax preparation services) অ্যাক্সেস করতে পারেন। আরও তথ্যের জন্য, কল করুন 311-এ

NYC Kids RISE Inc. দ্বারা পরিচালিত NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম একটি স্কলারশিপ ও সেভিং কর্মসূচি, যা একটি অলাভজনক সংস্থা, যা NYC শিক্ষাদপ্তর (Department of Education) ও নিউ ইয়র্ক সিটির সঙ্গে অংশীদ্বারিত্বে রয়েছে। NYC Kids RISE নিউ ইয়র্কের 529 কলেজ সেভিং প্রোগ্রাম (529 College Savings Program)-এর সঙ্গে সম্পর্কযুক্ত নয় ও সেটির অনুমোদিত ডিস্ট্রিবিউটরও নয় এবং এটি কোনো বিনিয়োগ চায় না বা বিনিয়োগের পরামর্শও প্রদান করে না। নিউ ইয়র্ক সিটি এবং NYC শিক্ষাদপ্তর কোনো সমর্থন বা সুপারিশ প্রস্তাব দেয় না এবং NY 529 প্রোগ্রাম ম্যানেজার ও কোনও নির্দিষ্ট কলেজ সেভিং বা অন্য বিনিয়োগগুলিকে নিয়ন্ত্রণ করে না, এগুলি গ্রহণ করা না অথবা এগুলির সঙ্গে সংযুক্তি ঘটায় না, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এমনকিছু যা পরিবারগুলি সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে শিখতে পারে।